গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক সংখ্যা-০৫.৫০.১০২৭.০০০.১৩.০০৩.২৩.৩৫১

তারিখ ঃ ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৩ খ্রি.

## সরকারি জলমহাল ইজারার সাধারণ দরপত্র/আবেদনপত্র আহবানের বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা প্রকৃত নিবন্ধনকৃত মৎসজীবি সমবায় সমিতি সমন্বয়ে গঠিত সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ১৪ মার্চ ২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).২৭৪ নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী শেরপুর উপজেলার সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত) শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ হতে ১৪৩২ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ী ভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে **ম্যানুয়ালি** আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদন আগামী ৭ই এপ্রিল হতে ১৩ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখ এবং বাংলা ২৪ চৈত্র হতে ৩০ চৈত্র, ১৪২৯ সনের মধ্যে জলমহাল ইজারার জন্য ম্যানুয়ালি আবেদন করতে হবে। অন্যান্য তথ্যাদি ও জলমহাল সমূহের তালিকা নিম্নস্বাক্ষরকারির কার্যালয় এবং সহকারি কমিশনার (ভূমি), শেরপুর, বগুড়া এর কার্যালয় হতে জানা যাবে।

### ১৪৩০ হতে ১৪৩২ সাল পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রঃ নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমান (একর ) | সরকারি দর ৫% বর্ধিত দরসহ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | চেংগাড়ী | বিশালপুর | কহিতকুল | ৩০৯/৫২০ | ০.৮৬ | ৪১,৩০৮/- |
| ২ | ডায়াগাড়ী | ভবানীপুর | আমিনপুর | ৪৮৭ | ১.৩০ | ১৩,০০০/- |
| ৩ | মধ্যগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩৬৬ | ০.৫৮ | ১,৫০০/- |
| ৪ | হালালিয়াগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ৮৭ | ০.৩৩ | ৩,২৫৫/- |
| ৫ | চকসিংড়া | কুসুম্বী | কাশিপাড়া | ১৭৪/২৭৮ | ০.৫৩ | ১১,০২৫/- |
| ৬ | মিধাপুকুর | কুসুম্বী | কাশিপাড়া | ৬২৩ | ৩.০৩ | ১৬,২৪৪/- |
| ৭ | চণ্ডিয়াগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ১৪৭ | ০.৬৩ | ১২,৮১০/- |
| ৮ | তরফদার | বিশালপুর | সিরাজনগর | ৩৫২ | ১.৬৭ | ১৫,৯৫০/- |
| ৯ | কামালগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১২২/৩৮৩ | ০.৪৫ | ৮,৫০৯/- |
| ১০ | কোচারগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩৯৪/৪৯৬ | ০.৩৮ | ১২,৭৩৩/- |
| ১১ | হাসড়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৪৩২/৫৭২ | ০.৭২ | ৮,৭১৫/- |
| ১২ | শৈল্যাপুকুর | ভবানীপুর | তিরাইল | ৫৭৮/১০১৪ | ০.৬৫ | ৬,৪০৫/- |
| ১৩ | ধনতলা | কুসুম্বী | তাঁতড়া | ৩৩০ | ০.৪৯ | ৮৪৯৬/- |
| ১৪ | বনপাথালিয়া | বিশালপুর | কামালখাঁ | ১৮৯ | ০.৬১ | ৫৪৬০/- |
| ১৫ | হামদারগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ৭৪ | ০.৩৭ | ৬৫৬৩/- |
| ১৬ | বটগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৭৫ | ০.৬৪ | ১০,০৮০/- |
| ১৭ | নান্তাগাড়ী | কুসুম্বী | কাশিপাড়া | ৪৬৫/৯৩৭ | ০.৩৫ | ২৯৬১/- |
| ১৮ | সোহাগী | বিশালপুর | দোয়েলসাড়া | ৫৯,৬০ | ২.৩৪ | ৪০,৭৬১/- |
| ১৯ | চিত্রাগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১৪৭/৮৩৮ | ০.৪৯ | ৯,৭৪৪/- |
| ২০ | আন্দোলনগাড়ী | কুসুম্বী | মাদলবাড়ি | ২৪২/৪৭৭ | ০.৫২ | ৬,৬১৫/- |
| ২১ | তালপুকুর | মির্জাপুর | ভাদরা | ৭১৬ | ০.৫৪ | ১১,২৩৫/- |
| ২২ | চামারগাড়ী | বিশালপুর | তেঘড়ী | ৩০৬/২০১০ | ০.৮৪ | ৯,১৩৫/- |
| ২৩ | ঠারকানগাড়ী | মির্জাপুর | মাগুরগাড়ী | ৬৪/১৩৭ | ০.৫৪ | ৬,০০০/- |
| ২৪ | উত্তর পাড়া পুকুর | কুসুম্বী | পান্ডুরা | ১৭৫/২০৯ | ০.৮৯ | ১০,০০০/- |
| ২৫ | মন্ডলগাড়ী | বিশালপুর | কহিতকুল | ৬৭ | ০.৭৫ | ১৯,৩২৯/- |
| ২৬ | শৈল্যপুকুর | ভবানীপুর | তিরাইল | ৫৭৮/১০১৪ | ০.৫০ | ৮,৫০০/- |
| ২৭ | চকগোপাল | সীমাবাড়ী | কালিয়াকৈর | ১০৫ | ০.৬১ | ৪,৪২০/- |
| ২৮ | ছোট তাড়াটিয়া | ভবানীপুর | আমিনপুর | ৫১৭ | ১.০৮ | ১২,৬০০/- |
| ২৯ | বন পাথালিয়া | বিশালপুর | উনগ্রাম | ১৮৯ | ০.৬১ | ৪,৭২৫/- |
| ৩০ | তালপুকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৬৯৩ | ২.০০ | ২৩,৮৩৫/- |
| ৩১ | ধুমাতলা | খানপুর | গোপালপুর | ৩৫৭২ | ০.৯৫ | ১৯,০০০/- |
| ৩২ | নালুকাগাড়ী | কুসুম্বী | মদনগাড়ী | ১৪৮/৯৮১ | ০.৫৬ | ১৪,০৭০/- |
| ৩৩ | টিয়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ২৬৬/৯৫৮ | ০.৫১ | ৮,০৯৫/- |
| ৩৪ | ভুটিয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ১২৪/২০ | ০.৪৬ | ১,৫৩০/- |

| ক্রঃ নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমান (একর ) | সরকারি দর ৫% বর্ধিত দরসহ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩৫ | ধনতলা | কুসুম্বী | তাঁতড়া | ৩৩৫ | ০.৪৯ | ১১,৫৫০/- |
| ৩৬ | ছোট মওলা | ভবানীপুর | খোর্দ্দবগুড়া | ১৮০/৪৪৫ | ০.৬৪ | ৮,৭৮০/- |
| ৩৭ | মহিষাগাড়ী | বিশালপুর | কামাল খাঁ | ২৫ | ০.২৭ | ৬,১১০/- |
| ৩৮ | চামারগাড়ী | বিশালপুর | তেঘরি | ৫০৬/২০১০ | ০.৭০ | ৯,১০০/- |
| ৩৯ | পাশারগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩১২/৬৪২ | ১.০৬ | ২,৭৮৫/- |
| ৪০ | আকাশিদহ | খানপুর | খানপুর | ৩৬৫৩ | ৫.১৯ | ৫৬,৩১০/- |
| ৪১ | শীতলাই | ভবানীপুর | ভবানীপুর | ৪৯৮ | ০.৮২ | ২৫,৫৫০/- |
| ৪২ | শিতলাই | বিশালপুর | ভাদাইকুড়ি | ২৬১/৪৮৬ | ১.৩১ | ২২,০৫০/- |
| ৪৩ | বোবাই হড়কি | বিশালপুর | পশ্চিম নাই শিমুল | ৯/৩১<br>১৩০ | ১.৮৬ | ১৩,২৩০/- |
| ৪৪ | আমবাড়িয়া | বিশালপুর | বিরাকৈর | ২৬৯/১২৮ | ০.৮৯ | ১৫,৭৫০/- |
| ৪৫ | ভোবা চরকপাড়ী | বিশালপুর | বামিহালি | ১১৫/৫৩৪ | ০.৯৯ | ২৭,৩০০/- |
| ৪৬ | দুলুক পুকুর | কুসুম্বী | তাঁতড়া | ৩৬৭/৪৫৮ | ০.৭৮ | ৭,৮৭৫/- |
| ৪৭ | সূর্পাদহ | মির্জাপুর | কাশিয়াবালা | ২৮০ | ২.১০ | ৫২,৫০০/- |
| ৪৮ | সার পুকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৭৩১/১৩৫১, ১৩৫৫ | ১.৬৫ | ৩২,৫৫০/- |
| ৪৯ | বট পুকুরিয়া | খামারকান্দি | খামারকান্দি | ২৫২০ | ০.৬০ | ৩৬,৭৫০/- |
| ৫০ | কালী ঠাকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৭৩৬/১৪৬৬ | ২.২৪ | ৩৩,৬০০/- |
| ৫১ | নিমকুড়ি | বিশালপুর | বিশালপুর | ৮২৯ | ২.৪৮ | ৬,১৯৫/- |
| ৫২ | নলুয়াগাড়ী | বিশালপুর | ভাদাড় | ৩০৫/২০০৯ | ০.৬০ | ৬,৮৫০/- |
| ৫৩ | বড়দাম | বিশালপুর | বিরাকৈর | ৩১৯ | ১.৩২ | ৪০,০০৫/- |

(বিঃ দ্রঃ মহামান্য আদালত কর্তৃক কোন দাগ নিয়ে নিষেধাজ্ঞা থাকিলে উক্ত দাগটি ইজারা বিজ্ঞপ্তির তালিকা হতে বাদ যাবে।)

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউলের আবেদনপত্র ম্যানুয়ালি পূরণ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের সময়সূচিঃ

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | ২৪ চৈত্র হতে ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ(৭ এপ্রিল হতে ১৩ এপ্রিল ২০২৩) এর মধ্যে | আবেদন দাখিল। | |
| ০২. | ০৪ ই বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ( ১৭ ই এপ্রিল ২০২৩) থেকে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে | দাখিলকৃত আবেদনপত্র ও জামানতের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে দাখিল করতে হবে। | |
| ০৩. | ৮ ই বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ(২১ এপ্রিল ২০২৩) এর মধ্যে | প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই | |
| ০৪. | ১৫ ই বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ(২৮ এপ্রিল ২০২৩) এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | |
| ০৫. | ২৫ ই বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ(৮ মে ২০২৩) এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরন এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন | |
| ০৬. | ৩০ই বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ(১৩ মে ২০২৩) এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৭. | ০২ই জৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ(১৬ মে ২০২৩) এর মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহিতার সাথে চুক্তি সম্পাদন। | |
| ০৮. | ০৫ ই জৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ(১৯ মে ২০২৩) এর মধ্যে | ইজারাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

শর্তাবলী ঃ

১। ১৪৩০-১৪৩২ মেয়াদে সকল জলমহালের আবেদন ম্যানুয়ালি করতে হবে।

২। ২৪ চৈত্র হতে ৩০ চৈত্র, ১৪২৯ বাংলা সনের মধ্যে জলমহাল ইজারার জন্য ম্যানুয়ালি আবেদন করতে হবে।

৩। ০১ লা বৈশাখ হতে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ম্যানুয়ালি দাখিলকৃত আবেদন ও জামানতের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

৪। চূড়ান্তভাবে ইজারাদেশ প্রদান করা ইজারাগ্রহীতাকে নির্ধারিত কোডে সমুদয় ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।

৫। আবেদনকারী মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যদের উপজেলা মৎস্য অফিসের FIN নাম্বার থাকতে হবে।

৬। সকল সরকারি খাসবদ্ধ জলমহাল ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

৭। বিগত ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে। ।

৮। সমবায় অধিদপ্তর বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্য জীবি সমবায় সমিতি ও মৎস্যজীবি সমিতি/সংগঠন আবেদন করতে পারবে।

৯। জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্যজীবি সমিতিকে অগ্রাধিকার দেওয়া হবে।

১০। আবেদনকারী মৎস্যজীবি সমবায় সমিতি ও মৎস্যজীবি সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তর গ্রহনের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা(যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিলসহ বিগত ০২(দুই) বৎসরের অডিট রিপোর্টি দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

১১। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়ার এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২০% ও আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য সোনালী/অগ্রণী ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার (মুলকপি) আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মেয়াদ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১২। আবেদনপত্র অনুমোদন হওয়ারপর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহিতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারী করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টানানো হবে। প্রথম বৎসরের ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারার জমার খাত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০১৪০/০১১১ নম্বর এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নম্বর কোডে জমা দিয়ে চালানের মূলকপি নিম্নস্বাক্ষরকারির কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়কর সহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল করে পুনঃরায় ইজারা প্রদান করা হবে।

১৩। ইজারা মেয়াদের ২য় বৎসরের বা তৎপরবর্তী বৎসরের ইজারা মূল্য বছর শুরু হওয়ার পূর্বে অর্থাৎ পূর্ববর্তী বৎসরের ২৩ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয় ভাবে বাতিল হবে এবং জলমহাল পুণরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা দাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/-( তিন শত) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহাল দখল হস্তান্তর করা হবে না।

১৫। ইজারা গ্রহিতা জলমহলের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহিতা নিশ্চিত করবেন।

১৬। ইজারা গ্রহিতা কোন জলমহাল সাবলীজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেনা। যদি উক্তরুপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমানিত হয় তবে ইজারা বাতিল করে জলমহাল পুণঃরায় ইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ইজারা গ্রহিতা/সমিতি ০৩(তিন) বৎসরের মধ্যে আবেদন করতে পারবে না।

১৭। ইজারা গ্রহিতা জলমহাল সীমারেখা বজায় রাখবেন। জলমহাল পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেনা। তিনি নিজ দায়িত্ব ইজারাকৃত জলমহাল সরকারি সম্পত্তি সংরক্ষন করবে।

১৮। ইজারা গ্রহিতা জলমহাল পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না।

১৯। কোন সমিতি ইতিপূর্বে লিজ নেয়া জলাশয়ের ইজারামূল্য বকেয়া থাকলে আবেদন ফরম গ্রহণের সময় বকেয়া পরিশোধের চালান কপি জমা দিতে হবে। ইজারামূল্য বকেয়া রেখে/ তথ্য গোপন করলে জলমহাল ইজারা প্রাপ্তির যোগ্যতা থাকবেনা।

২০। ইজারা গ্রহিতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

২১। বছরের যে কোন সময়ে ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা বছরের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।

২২। যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষন করে।

২৩। বিষ প্রয়োগ করে মাছ নিধন করা যাবেনা।

২৪। সরকারি উন্নয়ন পরিকল্পনা কর্মসূচী বাস্তবায়নে যে কোন সময় জলমহালটি সরকারের অনুকূলে নেয়া যাবে।

২৫। কৃষি জমি চাষাবাদের প্রয়োজনে মৎস্য চাষে ব্যাঘাত না ঘটিয়ে পানি ব্যবহারের অনুমতি দিতে হবে।

২৬। ৩০ চৈত্র ১৪৩২ বাংলা তারিখের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারার মেয়াদ শেষ হবে।

২৭। কোন মৎস্যজীবি সমিতি প্রথম জলমহালের ইজারা মূল্য বকেয়া রেখে ২য় জলমহাল ইজারা নিতে পারবেন না।

২৮। আবেদনকারী মৎস্যজীবি সমিতিকে আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত ইজারা মূল্য পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(স্বাক্ষর) ৩০.০৩.২৫

(সানজিদা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন ঃ ০২৫৮৯৯০৯২০১
unosherpurbogra@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক সংখ্যা-০৫.৫০.১০২৭.০০০.১৩.০০৩.২৩.৩৫১(১০০)

তারিখ: ১৬ই চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪০-বগুড়া-৫ ।
২। জেলা প্রশাসক, বগুড়া।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া।
৫। সহকারি কমিশনার(ভূমি), শেরপুর, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তাদের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৬। উপজেলা........................................................ কর্মকর্তা, শেরপুর, বগুড়া। তাঁর অফিস নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি ঝুলাইয়া বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। চেয়ারম্যান..................................................................ইউ.পি, শেরপুর, বগুড়া। বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলাইয়া বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৮। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা ........................................... ইউনিয়ন তাকে বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।
৯। সভাপতি/সম্পাদক, শেরপুর প্রেস ক্লাব, শেরপুর, বগুড়া।
১০। অফিস কপি/নোটিশ বোর্ড।

৩০.০৩.২৩

(সানজিদা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন ঃ ০২৫৮৯৯০৯২০১
unosherpurbogra@mopa.gov.bd